

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়
প্রশাসন বিভাগ-১, শৃঙ্খলা শাখা
ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার, ঢাকা-১২১৫
website: www.dwasa.org.bd.

নম্বর: ৪৬.০৫.০০০০.২১৩.২৭.০০৬.২০২৪.২৯২০

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ / ০৫ নভেম্বর ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ আজিজুল ইসলাম, রাজস্ব পরিদর্শক, রাজস্ব জোন-১ (বর্তমানে প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরে সংযুক্ত) ঢাকা ওয়াসা এর বিরুদ্ধে ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১০ এর ৩৮ (ক) ও (খ) প্রবিধিমতে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের অভিযোগ তদন্তের জন্য তদন্ত কমিটি গঠন করা হয়; এবং যেহেতু উপ-প্রধান রাজস্ব কর্মকর্তার কার্যালয়, রাজস্ব জোন-৭ এর স্মারক নম্বর: ৪৬.১১৩.৩১০.০০.০০.০২৭.২০২২/১৮৪, তারিখ: ১৫.০৬.২০২২ খ্রিঃ মূলে ব্যবস্থাপনা পরিচালক বরাবর ১৫.০৬.২০২২ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে বিভাগীয় মামলা নং-২৭/২০২১ এর অভিযোগনামায় অভিযোগের প্রমাণাদি, অভিযুক্তের জবানবন্দি, সাক্ষীদের জবানবন্দি এবং সংশ্লিষ্ট মামলার অভিযোগের বিবরণী পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক এবং অভিযুক্ত দায়িত্ব পালনে অবহেলা এবং অসদাচরণ এড়িয়ে চলার জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করেননি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ আছে; এবং যেহেতু ঢাকা ওয়াসা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১০ এর ৩৮ (ক) ও (খ) প্রবিধিমতে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের দায়ে স্মারক নম্বর: ৪৬.০৫.০০০০.২১৩.২৭.০২৬.২০২১.২২৩২, তারিখ: ০২.১১.২০২৬খ্রিঃ মূলে ০৫.১১.২০২৬খ্রিঃ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

সেহেতু শুনানি অন্তে সার্বিক বিবেচনায়, অভিযুক্ত জনাব মোঃ আজিজুল ইসলাম, রাজস্ব পরিদর্শক, রাজস্ব জোন-১ (বর্তমানে প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরে সংযুক্ত) ঢাকা ওয়াসা এর বিরুদ্ধে ঢাকা ওয়াসা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১০ এর ৩৯ (১) (ক) (আ) প্রবিধিমতে আগামী ০১(এক) বৎসরের জন্য ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) স্থগিত করতঃ বিভাগীয় মামলা নং-২৭/২০২১ নিষ্পত্তি করা হলো।

স্বাক্ষরিত/-
ড. মুহা. মনিরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ঢাকা ওয়াসা।

নম্বর: ৪৬.০৫.০০০০.২১৩.২৭.০০৬.২০২৪.২৯২০

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ / ০৫ নভেম্বর ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন/ওএন্ডএম/অর্থ/আরপিএন্ডডি), ঢাকা ওয়াসা।
০২। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
০৩। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তর, ঢাকা ওয়াসা।
০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা।
০৬। আইন কর্মকর্তা, আইন বিষয়ক বিভাগ, ঢাকা ওয়াসা।
০৭। উপ-সচিব, প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা।
০৮। রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-১, ঢাকা ওয়াসা।
০৯। সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং বিভাগ, কম্পিউটার সেন্টার, ঢাকা ওয়াসা (ডিজিটাল প্লাটফর্মে ই-নথি/ই-জিপি সংশ্লিষ্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, ঢাকা ওয়াসা।
১১। উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা, জনতথ্য বিভাগ, ঢাকা ওয়াসা।
১২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
১৩। কম্পিউটার অপারেটর, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।
১৪। রেকর্ড কিপার, রেকর্ড সেকশন, ঢাকা ওয়াসা।
১৫। জনাব মোঃ আজিজুল ইসলাম, রাজস্ব পরিদর্শক, রাজস্ব জোন-১ (বর্তমানে প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরে সংযুক্ত), ঢাকা ওয়াসা।
১৬। অফিস কপি।

০৫/১১/২০২৬

মুহাম্মদ আবদুল হাই মিলটন
সচিব
ঢাকা ওয়াসা।